সূচিপত্র

ক্রমিক নং	অধ্যায়সমূহ		পৃষ্ঠা নং
১।	প্রথম অধ্যায়	সংক্ষিপ্ত শিরোনাম, পরিসর, প্রবর্তন এবং অনুচ্ছেদসমূহের ব্যাখ্যা	
২।	দ্বিতীয় অধ্যায়	আইনের উদ্দেশ্য	
৩।	তৃতীয় অধ্যায়	ভুক্তভোগী ও সাক্ষীর অধিকার ও স্বত্ব	
৪।	চতুর্থ অধ্যায়	জরুরী ভুক্তভোগীর জন্য বিশেষ সুরক্ষা	
৫।	পঞ্চম অধ্যায়	ভুক্তভোগী এবং সাক্ষীদের জন্য অফিস	
৬।	ষষ্ঠ অধ্যায়	ক্ষতিপূরণ এবং ক্ষতিপূরণ শুল্ক	
৭।	সপ্তম অধ্যায়	অপরাধের ভুক্তভোগী ও সাক্ষীর সহিত কৃত অপরাধসমূহ	
৮।	অষ্টম অধ্যায়	অপরাধের শিকার ভুক্তভোগীদের এবং সাক্ষীদের জন্য সহায়তা ও সুরক্ষা বিভাগ	
৯।	নবম অধ্যায়	অডিও-ভিজ্যুয়াল লিঙ্কের মাধ্যমে সাক্ষ্য গ্রহণ	
১০।	দশম অধ্যায়	সাধারণ	
১১।	একাদশ	বিবিধ	

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	অধ্যায়	

	ভুক্তভোগী ও সাক্ষী সুরক্ষা আইন ,২০২০
শিরোনাম	যেহেতু অপরাধের ভুক্তভোগী ও সাক্ষীর অধিকার ও স্বত্ব নির্ধারণ এবং সেই সকল অধিকার ও স্বত্বের সুরক্ষা ও প্রচারকল্পে একটি আইন একীভূত করা ও সংজ্ঞায়িত করা সমীচীন যাহার উদ্দেশ্য হইবে অপরাধের ভুক্তভোগী এবং সাক্ষীর সুরক্ষা সংক্রান্ত আন্তর্জাতিক বিধি, মান এবং উপযুক্ত ব্যবহার নিরুপণ করিয়া কার্যকর ও সংশোধন করা;
	প্রথম অধ্যায় **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন এবং প্রয়োগ**
সংক্ষিপ্ত শিরোনাম, পরিসর এবং প্রবর্তন	১। ক) আইনটি ভুক্তভোগী ও সাক্ষী সুরক্ষা আইন, ২০২০ নামে পরিচিত হইবে। খ) উক্ত আইনের ব্যাপ্তি হইবে সমগ্র বাংলাদেশ এবং যে কোন ফৌজদারি আদালতে সকল বিচারিক কাজে ও যে কোন কমিশনে প্রযোজ্য হইবে; কিন্তু কোন কোর্ট মার্শাল, আদালত বা কোন কর্মকর্তার সামনে উপস্থাপিত কোন হলফনামা কিংবা কোন সালিসে প্রযোজ্য হইবে না।

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	গ) ইহা …….. হইতে কার্যকর হইবে।
সংজ্ঞাসমূহ	২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-
(ক) "কর্তৃপক্ষ"	অর্থ একটি সংস্থা যাহা এই আইনের অধীনে কারয সম্পাদন সম্পাদনের জন্য সরকার সময়ে সময়ে নিযুক্ত করিতে পারিবে;
(খ) "শিশু"	অর্থ আঠারো বছরের নিচে যে কোন ব্যক্তি;
(গ) "আদালত"	অর্থ আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ, এবং যে কোন সেশন আদালত বা ম্যাজিস্ট্রেট আদালত যেখানে এই আইনের তফসীলের অধীন কোন অপরাধ অনুসন্ধান বা বিচার বা আপিল বা রিভিশনের জন্য বিচারাধীন রহিয়াছে, তা ইহার অন্তর্ভুক্ত হইবে;
(ঘ) "কোড"	অর্থ ফৌজদারি দণ্ডবিধি, ১৮৯৮; (৫ নং আইন ,১৮৯৮);
(ঙ) "কমিশন"	অর্থ জাতীয় মানবাধিকার কমিশন, দুর্নীতি দমন কমিশন এবং অন্য যে কোন কমিশন যেখানে অপরাধের ভুক্তভোগী ও মানবাধিকার লঙ্ঘনের শিকার কোন ব্যক্তি ও সাক্ষী অভিযোগ জানাতে পারে;
(চ) "তহবিল"	অর্থ আইন অনুসারে গঠিত ভুক্তভোগী ত্রাণ তহবিল;
(ছ) "হুমকি"	অর্থ কোন তদন্তকারী সংস্থার নিকট কিংবা বিচার বা আপিল বা রিভিশন চলাকালীন ভুক্তভোগী বা সাক্ষীর সাক্ষ্যকে প্রভাবান্বিত করিবার উদ্দেশ্যে যেকোন ব্যক্তির দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষ বা সম্ভাব্য যে কোন ধরণের চাপ প্রয়োগ, প্রতিশোধ বা প্রাণনাশ অথবা শারীরিক ক্ষতির হুমকি

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	প্রদর্শন, নিগ্রহ, বলপ্রয়োগ, অবৈধ প্রভাব বিস্তার, সম্পদের ক্ষতিসাধন কিংবা ভীতি প্রদর্শন, অযৌক্তিক প্রভাব বা কোন ধরণের হয়রানি করা যাহা বিচার প্রক্রিয়াকে ব্যাহত, প্রভাবিত, দুর্বল বা বিপথে চালিত করিয়া অথবা একজন ভুক্তভোগী বা সাক্ষীকে তদন্ত প্রক্রিয়া পর্যন্ত পৌঁছানো কিংবা ইহার সহায়তা নেওয়া অথবা কোন ট্রাইব্যুনাল বা আদালতে সাক্ষ্য দিতে যাইবার পথে বাধা প্রদানের উদ্দেশ্যে করা হইয়া থাকে। তবে শর্ত থাকে যে, কোন ভুক্তভোগী বা সাক্ষী ভীতি প্রদর্শনের শিকার হইয়াছেন কিনা তাহা যাচাইয়ের সময় সেবা প্রদানকারী সংস্থা অবশ্যই নিশ্চিত হইবেনঃ ● সম্ভাব্য মামলায় অভিযুক্ত, তাহার পরিবারের সদস্য বা সহযোগী এবং এমন কোন ব্যক্তি যিনি অভিযুক্ত বা সাক্ষী হইতে পারেন তাহাদের তরফ হইতে ভুক্তভোগী বা সাক্ষীর প্রতি যেকোন ধরণের ব্যবহার; ● অপরাধের প্রকৃতি এবং অভিযোগে বর্ণিত পরিস্থিতি যাহার সহিত সম্ভাব্য মামলার যোগসূত্র পাওয়া যায়। যৌন অপরাধ বা মানব পাচারের শিকার ভুক্তভোগীর ক্ষেত্রে সয়ংক্রিয়ভাবে ভীতি প্রদর্শন করা হইয়াছে বলিয়া ধরিয়া নেওয়া হইবে; ● ভুক্তভোগীর বয়স এবং যদি প্রাসঙ্গিক হয় সেক্ষেত্রে ভুক্তভোগীর সামাজিক ও সাংস্কৃতিক পরিচিতি, ধর্মীয় বিশ্বাস বা রাজনৈতিক মতামত, নৃতাত্ত্বিক পরিচয়, পারিবারিক ও কর্মের খোঁজ খবর;
(জ) "তদন্তমূলক কার্যক্রম"	অর্থ এই আইনের তফসিলের আওতায় অপরাধ সংঘটনের সাপেক্ষে অভিযোগ দায়ের বা সাধারণ ডায়েরি করিবার

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	ব্যবস্থা গ্রহণ করা কিংবা বিচার বিভাগীয় তদন্ত বা কোন তদন্ত কর্মকর্তা দ্বারা বা কোন তদন্তকারী সংস্থা দ্বারা সম্পাদিত তদন্ত সংক্রান্ত যে কোন কার্যধারা গ্রহণ করা;
(ঝ) "বিচারিক কার্যক্রম"	অর্থ এই আইনের তফসিলের অধীন অপরাধ সংঘটন সাপেক্ষে কোন আদালত বা ট্রাইব্যুনালে যে কোন ফৌজদারি কার্যক্রম;
(ঞ) "অফিস"	অর্থ এই আইনের ধারা মোতাবেক প্রতিষ্ঠিত ভুক্তভোগী ও সাক্ষী সুরক্ষা অফিস এবং ইহার যে কোন শাখা;
(ট) "সুরক্ষা সেবা গ্রহিতা"	অর্থ এই আইনের অধীন সুরক্ষা প্রদান করা হইয়াছে এমন ব্যক্তি;
(ঠ) "সুরক্ষার জায়গা"	অর্থ ভুক্তভোগী বা সাক্ষীকে নিরাপদে রাখাসহ অন্যান্য উদ্দেশ্য পূরণকল্পে নারী ও শিশু বান্ধব কোন স্থান, যাহার মধ্যে সরকার পরিচালিত বাড়ি, ব্যক্তিগত বাড়ি কিংবা বেসরকারি সংস্থার পরিচালিত কোন সরকার স্বীকৃত প্রতিষ্ঠান, অন্তর্ভুক্ত হইবে ;
(ড) "নির্ধারিত"	অর্থ এই আইনের অধীন বিধি দ্বারা নির্ধারিত;
(ঢ) "সম্পর্কিত ব্যক্তি"	অর্থ ভুক্তভোগী বা সাক্ষীর পারিবারিক সদস্য অথবা অন্য কোন নিকটাত্মীয় কিংবা তাহাদের সহযোগী;
(ণ) 'সেবা প্রদানকারী'	অর্থে মন্ত্রণালয়সমূহ, সরকারি বিভাগসমূহ ও অধিদপ্তরসমূহ অন্তর্ভূক্ত হইবে যাহারা এই আইনের অধীন সেবা প্রদান করিবে। এই আইনের অধীন নিম্নলিখিত মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরসমূহ ভুক্তভোগী ও সাক্ষীদের প্রতি সেবা প্রদান করিবেঃ *[একটি তালিকা প্রদান করিতে হইবে]*

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

(ত) "ট্রাইব্যুনাল"	অর্থ ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন এবং অন্যান্য বিশেষ কার্যকর আইনের অধীন প্রতিষ্ঠিত বিশেষ ট্রাইব্যুনাল;
(থ) "ভুক্তভোগী"	অর্থ এই আইনের উদ্দেশ্যকল্পে, অপরাধ সংঘটনের ফলে বা মানবাধিকার লঙ্ঘনের ফলে যে ব্যক্তি বা ব্যক্তিবর্গ এই আইনের তফসিল অনুযায়ী এককভাবে বা সামষ্টিকভাবে শারীরিক, আবেগ সংক্রান্ত, আর্থিক, সামাজিক বা মানসিকভাবে ক্ষতিগ্রস্থ হইয়াছেন এমন ব্যক্তি বা সরাসরি নির্ভরশীল বা সরাসরি ভুক্তভোগীর পরিবারের ভীতসন্ত্রস্ত কোন সদস্য এবং এমন কোন সদস্য যিনি বিপদাপন্ন ভুক্তভোগীকে সহায়তা করিবার সময় বা ভুক্তভোগীকে আক্রমণ হইতে বাঁচানোর সময় ক্ষতিগ্রস্থ হইয়াছেন;
(দ) "ভুক্তভোগী/সাক্ষী সুরক্ষা"	অর্থ দায়েরকৃত অভিযোগে নাম থাকুক বা না থাকুক অভিযুক্ত বা তাহার সহযোগী কিংবা অন্য কোন ব্যক্তির দ্বারা ভীতি প্রদর্শন, হয়রানি বা পুনঃনিগ্রহ হইতে ভুক্তভোগী ও সাক্ষীর নিরাপত্তা বিধানের জন্য প্রয়োজনীয় অধিকার, সেবা ও স্বত্ব, যাহার মধ্যে স্থানান্তর, অন্তর্ভুক্তি, পরিচিতি পরিবর্তন, কাউন্সেলিং ও আর্থিক সহায়তা প্রদান অন্তর্ভূক্ত হইবে;
(ধ) "সাক্ষী"	অর্থ এমন একজন ব্যক্তি — (ক) যিনি অপরাধ সংঘটন বা মৌলিক অধিকার বা মানবাধিকারের লঙ্ঘনের সাপেক্ষে যে কোন আইন প্রয়োগকারী সংস্থা বা মানবাধিকার কমিশনের প্রতিনিধির নিকট তথ্য দিয়া অভিযোগ দায়ের করিয়াছে এবং যাহার ভিত্তিতে কোন তদন্ত হইয়াছে বা হইবে; (খ) যিনি কোন কথিত অপরাধ সংঘটনের বা মৌলিক

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	অধিকার অথবা মানবাধিকার লঙ্ঘনের তদন্ত চলাকালীন সেই বিষয়ে যে কোন আইন প্রয়োগকারী সংস্থার প্রশ্নের সম্মুখীন হইয়াছেন এবং তথ্য প্রদান করিয়াছেন; (গ) যিনি কোন ভুক্তভোগীর করা অভিযোগ বা আইনানুগ ব্যবস্থার সমর্থনে দলিল বা বক্তব্য দাখিল করিয়াছেন; (ঘ) যিনি কোন কমিশনকে তথ্য প্রদান করিয়াছেন বা যোগাযোগ করিয়াছেন; (ঙ) যাহার কোন আইন প্রয়োগকারী সংস্থা বা কমিশনের কাছে প্রদত্ত তথ্যের কারণে, কোন ব্যক্তির বিরুদ্ধে যে কোন বিচারিক বা আধা বিচারিক প্রক্রিয়ায় বক্তব্য প্রদান কিংবা স্বীকারোক্তি প্রদানের উদ্দেশ্যে আদালত কর্তৃক তলব হইবার যথেষ্ট কারণ রহিয়াছে; (চ) কোন আদালত বা কমিশন কর্তৃক কোন বিচারিক কিংবা আধা বিচারিক প্রক্রিয়ায় বক্তব্য প্রদান, স্বীকারোক্তি বা কোন তথ্য, রিপোর্ট অথবা বস্তু প্রদানের জন্য সমন পাইয়াছেন; বা (ছ) একজন রাষ্ট্রীয় কর্মকর্তা হিসাবে, কথিত সংঘটিত অপরাধ বা মৌলিক অধিকার লঙ্ঘন কিংবা মানবাধিকার লঙ্ঘনের ব্যাপারে তদন্ত করিয়াছেন, এছাড়াও ভুক্তভোগী, শিশু সাক্ষী বা তাহার পিতামাতা বা অভিভাবক, এমন সাক্ষীর পরিবারের সদস্য বা তাহার উপর নির্ভরশীল কোন ব্যক্তি অথবা এমন ব্যক্তির কাছে গুরুত্বপূর্ণ অন্য যে কোন ব্যক্তি, একজন বিশেষজ্ঞ সাক্ষী এবং অন্য একজন ব্যক্তি যাহার বিরুদ্ধে কোন সন্দেহভাজন বা অভিযুক্তের পক্ষে, আদালত বা কমিশনে সাক্ষী প্রদানের জন্য সমন জারি করা হইয়াছে;

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

(ণ) "লিখিত যোগাযোগ"	অর্থ যে কোন মাধ্যমে প্রেরিত পত্র, যেমন সাধারণ বা রেজিস্টার্ড চিঠি, অনুলিপি বা ইলেকট্রনিক মেইল;
(প) "সাক্ষী সুরক্ষা আবেদনপত্র"	অর্থ সাক্ষী সুরক্ষা আদেশ চাইবার জন্য কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ফরমে সাক্ষীর দ্বারা দাখিলকৃত একটি আবেদন। সাক্ষী, তাহার পরিবারের সদস্য, বা তাহার যথাযথভাবে নিযুক্ত পরামর্শকের দ্বারা এই আবেদনটি করিতে পারিবেন;
(ফ) "সাক্ষী সুরক্ষা তহবিল"	অর্থ এই আইনের অধীন যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক পাস করা সাক্ষ্য সুরক্ষা আদেশ বাস্তবায়নের সময় ব্যয় বহনের জন্য তৈরি তহবিল;
(ব) "সাক্ষী সুরক্ষা সেল"	সাক্ষী সুরক্ষা আদেশ বাস্তবায়নের জন্য পুলিশ কর্তৃক নিবেদিত একটি সেল;
	দ্বিতীয় অধ্যায় **আইনের উদ্দেশ্য**
আইনের উদ্দেশ্য	৩। এই আইনের উদ্দেশ্য হইবে- (ক) ভুক্তভোগী ও সাক্ষীর অধিকার এবং স্বত্ব নির্ধারণ করা, সমর্থন করা এবং প্রয়োগ করা, সেই সাথে এমন অধিকার ও স্বত্ব প্রচার, সুরক্ষা, প্রয়োগ এবং অনুশীলনের জন্য একটি পদ্ধতি প্রণয়ন; (ঘ) ক্ষতিপূরণ, পুনঃরুদ্ধার এবং পুনর্বাসনসহ ভুক্তভোগীর জন্য যথাযথ প্রতিকার প্রদান; (ঙ) অপরাধের ভুক্তভোগী ও সাক্ষীর অধিকার স্বত্ব প্রচার ও সুরক্ষার জন্য রাষ্ট্র, বিচারিক কর্মকর্তা এবং সরকারি কর্মকর্তার জন্য দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ; এবং (ছ) অপরাধের ভুক্তভোগী ও সাক্ষীর সুরক্ষার্থে সর্বোত্তম অনুশীলন গ্রহণ এবং বাস্তবায়ন করা।

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	তৃতীয় অধ্যায় ভুক্তভোগী ও সাক্ষীর অধিকার ও স্বত্ব
ভুক্তভোগীর অধিকারসমূহ	৪। অপরাধের শিকার একজন ব্যক্তি তথা ভুক্তভোগী নিচের অধিকারগুলো পাইবেনঃ (ক) তাহাকে সমতা ও ন্যায্যতার দৃষ্টিতে দেখিতে হইবে এবং তাহার মানবিক মর্যাদা ও গোপনীয়তার দিকে লক্ষ রাখিতে হইবে; (খ) ভুক্তভোগী একজন শিশু হইলে শিশুর স্বার্থের সর্বাধিক সুরক্ষা দেওয়া হইবে; (গ) বিধিতে যেই ভাবে নির্ধারিত হইবে সেই ভাবে দ্রুত, যথাযথ এবং ন্যায্য প্রতিকার দেওয়া হইবে, এবং অপরাধের শিকার হওয়ায় তাহার যে ক্ষতি বা লোকসান হইয়াছে সেটার ক্ষতিপূরণ প্রদান ইহার অন্তর্ভুক্ত হইবে; (ঘ) হুমকি, ভীতিপ্রদর্শন, প্রতিহিংসা বা প্রতিশোধসহ যেকোনো সম্ভাব্য ক্ষতি হইতে যথাযথভাবে সুরক্ষা দেওয়া হইবে; (ঙ) অপরাধের শিকার হইয়া ব্যক্তি যে মানসিক বা শারীরিক ক্ষতি, বৈকল্য বা প্রতিবন্ধিতার শিকার হইয়াছেন সেটির চিকিৎসা দেওয়া হইবে; (চ) ভুক্তভোগী কোনো ব্যক্তির অনুরোধের প্রেক্ষিতে- (১) তিনি যেই ক্ষতির শিকার হইয়াছেন তাহার জন্য যেই আইনী প্রতিকার পাইতে পারেন এবং ক্ষতিপূরণ ও relevant periods of prescription -এর জন্য যেই দেওয়ানী প্রতিকার

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	পাইতে পারেন তাহা সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা বিভাগ তাহাকে অবহিত করিবেন; (২) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তদন্তকারী অন্য কোনো কর্তৃপক্ষের দ্বারা চলমান কোনো তদন্তের ব্যাঘাত না করিয়া, তাহাদের কাছে ভুক্তভোগীর দেওয়া তথ্য বা দায়েরকৃত অভিযোগ সম্পর্কে যেই তদন্ত চলিতেছে তাহার অগ্রগতি তাহাকে অবহিত করা হইবে; (৩) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তদন্তকারী অন্য কোনো কর্তৃপক্ষ, মামলার প্রসিকিউটর বা আদালত পরিদর্শক অপরাধের শিকার ভুক্তভোগীকে তাহার দায়েরকৃত বা তিনি তথ্য দিয়াছেন এমন অপরাধ সম্পর্কিত শুনানির তারিখ এবং অগ্রগতি এবং বিচারিক কার্যক্রমের নিষ্পত্তি সম্পর্কে অবহিত করিবেন; এতে আরো অন্তর্ভুক্ত হইবে অসংক্ষিপ্ত তদন্ত, বিচার, আপীল এবং সংশোধনীর আবেদন, যাহা এইসব কার্যক্রমের সাথে সম্পৃক্ত অপরাধের শিকার ভুক্তভোগীর অধিকার ও স্বত্বের কর্তৃপক্ষ দ্বারা হইতে পারে; (৪) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তদন্তকারী অন্য কোনো কর্তৃপক্ষ, মামলার অভিশংসক, আদালত পরিদর্শক বা সুপারিনটেনডেন্ট অফ প্রিজনস, যিনি প্রযোজ্য হইবেন, তিনি অপরাধের শিকার ভুক্তভোগীকে নিম্নোক্ত ঘটনাগুলোর তারিখ অবহিত করিবেন- (ক) জামিন মঞ্জুর; (খ) সন্দেহভাজনের অব্যাহতি;

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	(গ) অভিযুক্তের বিরুদ্ধে ফৌজদারি কার্যক্রম শুরু; (ঘ) সন্দেহভাজন বা অভিযুক্তের দোষী সাব্যস্ত হওয়া, দণ্ডাদেশ বা খালাস; এবং (ঙ) ভুক্তভোগীর ওপর সংঘটিত অপরাধের অপরাধী বা অভিযুক্ত আসামীর কারাগার হইতে মুক্তি এবং মুক্তির কারণসমূহ; এবং (চ) ভুক্তভোগীকে ক্ষতি হইতে উত্তরোণের জন্য যে চিকিৎসা সেবা, সামাজিক সেবা এবং অন্য যে কোনো রকম সাহায্য দেওয়া সম্ভব সে সম্পর্কে তাহাকে অবহিত করিবেন; (ছ) তিনি যে কোন থানায় বা পুলিশ বিভাগের অন্য যে কোন ইউনিট বা বিভাগে মৌখিক বা লিখিতভাবে কোনো অপরাধ ঘটা সম্পর্কে তথ্য জানাইতে পারিবেন এবং পুলিশ কর্মকর্তা সেই তথ্য নথিভুক্ত করিবেন এবং সংশ্লিষ্ট তদন্তকারী কর্তৃপক্ষ সেই তথ্য নিয়া নিরপেক্ষ ও ব্যাপক তদন্ত পরিচালনা করিবেন; (জ) কোনো চলমান তদন্তের ব্যাঘাত না করিয়া, ভুক্তভোগী যেই অপরাধের শিকার হইয়াছেন বলিয়া অভিযোগ করিয়াছেন তাহা সম্পর্কে ফৌজদারি ও ফরেনসিক তদন্ত এবং ম্যাজিস্ট্রেট কর্তৃক অনুসন্ধানে তাহার প্রতিনিধি হিসাবে একজন আইনজীবী প্রেরণ করিতে পারিবেন এবং প্রয়োজনে অনুরূপ তদন্তকারী যথাযথ ও যোগ্য কর্তৃপক্ষের সামনে সেই আইনজীবী প্রতিনিধিত্ব করিতে পারিবেন; (ঝ) কোন চলমান বা সমাপ্ত তদন্তের ব্যাঘাত না করিয়া তাহাকে এই প্রতিবেদনগুলোর সত্যায়িত অনুলিপি দেওয়া

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	হইবে- Cause of death ফর্ম, ময়নাতদন্ত প্রতিবেদন, মেডিকো-লিগ্যাল প্রতিবেদন, আঙুলের চিহ্ন রেজিস্ট্রারের প্রতিবেদন, সরকারি বিশ্লেষকের প্রতিবেদন, বিশেষজ্ঞ-প্রদত্ত অন্য কোন প্রতিবেদন এবং প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি এবং ফৌজদারি কার্যবিধি মোতাবেক পুলিশ কর্তৃক ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত প্রতিবেদনঃ এই অনুচ্ছেদে যেই প্রতিবেদনগুলোর কথা বলা হইয়াছে সেগুলোর সত্যায়িত অনুলিপি পাওয়ার জন্য যখন ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন করা হইবে, ম্যাজিস্ট্রেট পুলিশের কাছে জিজ্ঞাসা করিবেন যে এই প্রতিবেদনগুলো ভুক্তভোগীকে দিলে রিপোর্টটির সাথে জড়িত চলমান কোনো তদন্ত বাধাগ্রস্ত হইবে বা হইবার সম্ভাবনা রাখে কিনা এবং যদি সেই সম্ভাবনা রাখে তবে তিনি উক্ত আবেদন নামঞ্জুর করিতে পারেন; (ঞ) ভুক্তভোগী যেই অপরাধের শিকার হইয়াছেন বলিয়া অভিযোগ করিয়াছেন সেই অপরাধের তদন্তের পূর্বে, তদন্তকালীন ও তদন্তের পর, এবং অ-সংক্ষিপ্ত অনুসন্ধান, বিচার ও আপীলসহ বিচারিক কার্যক্রমসমূহের পূর্বে ও কার্যক্রম চলাকালে সংশ্লিষ্ট প্রসিকিউটরের সাথে লিখিত যোগাযোগ বা আইনজীবী দ্বারা প্রতিনিধিত্ব করাইতে পারিবেন; (ট) ভুক্তভোগী যেই অপরাধের শিকার হইয়াছেন বলিয়া অভিযোগ করিয়াছেন সেই অপরাধের তদন্তকারী কর্মকর্তার সাথে লিখিত যোগাযোগ বা আইনজীবী দ্বারা প্রতিনিধিত্ব করাইতে পারিবেন এবং উক্ত কর্মকর্তা হইতে

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	সেই যোগাযোগ বা প্রতিনিধিত্বের প্রতিক্রিয়া/উত্তর লাভের অধিকারী হইবেন; (ঠ) অপরাধ সংশ্লিষ্ট অ-সংক্ষিপ্ত অনুসন্ধান, বিচার, আপীল এবং সংশোধনের আবেদনসহ সকল বিচারিক ও আধা-বিচারিক কার্যক্রমে উপস্থিত থাকিতে পারিবেন, যদি না আদালত, কমিশন বা অন্য ট্রাইব্যুনাল মনে করে যে ভুক্তভোগী কার্যক্রমে অন্য সাক্ষ্য শুনিলে তাহার নিজের সাক্ষ্য আদতে প্রভাবিত হইতে পারে অথবা তাহাকে শুনানির কোনো কোনো অংশে উপস্থিত না হইতে দিলেই কেবল ন্যায়বিচার করা যাইবে এবং এই কারণসমূহ নথিবদ্ধ হইতে হইবে; (ড) তিনি যেই অপরাধের শিকার হইয়াছেন তাহার সাথে জড়িত বিচারিক বা আধা-বিচারিক কার্যক্রমে উপস্থিত থাকিতে ও অংশ নিতে যেই সাহায্য বা তথ্য তাহার দরকার হইবে সেগুলো তাহাকে দেওয়া হইবে; (ঢ) কার্যক্রমের ব্যাঘাত না ঘটাইয়া, অপরাধ সংশ্লিষ্ট অ-সংক্ষিপ্ত অনুসন্ধান, বিচার, আপীল এবং সংশোধনের আবেদনসহ ফৌজদারি কার্যক্রমের বিভিন্ন পর্যায়ে আইনজীবী দ্বারা প্রতিনিধিত্ব করাইতে পারিবেন এবং যখন অনুরোধ করা হইবে তাহাকে এতদুদ্দেশ্যে আইনী সহযোগিতা দেওয়া হইবে; (ণ) অপরাধী দোষী সাব্যস্ত হইবার পর এবং দণ্ড প্রদানের পূর্বে, ভুক্তভোগী ব্যক্তিগতভাবে বা আইনজীবীর মাধ্যমে আদালতের কাছে উপস্থাপন করিতে পারিবেন যে ঐ অপরাধের ফলে ভুক্তভোগীর দেহ, মানসিক অবস্থা,

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	কর্মসংস্থান, জীবিকা বা বৃত্তি, আয়, জীবনমান, সম্পত্তি এবং অন্যান্য জৈবনিক বিষয়সমূহ তথা তাহার জীবন কীভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে; (প) অপরাধী দোষী সাব্যস্ত হইয়া আপীল বা রিভিশনের আবেদন করিলে যেই আদালত উক্ত আপীল বা সংশোধনের আবেদন এর বিচার করিতেছেন সেই আদালতের নিকট ভুক্তভোগী ব্যক্তিগতভাবে বা আইনজীবীর মাধ্যমে আদালতের কাছে উপস্থাপন করিতে পারিবেন যে ঐ অপরাধের ফলে ভুক্তভোগীর দেহ, মানসিক অবস্থা, কর্মসংস্থান, জীবিকা বা বৃত্তি, আয়, জীবনমান, সম্পত্তি এবং অন্যান্য জৈবনিক বিষয়সমূহ তথা তাহার জীবন কীভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে; (ফ) কর্তৃপক্ষের কোনো ব্যক্তি দোষী সাব্যস্ত হওয়া অপরাধীর ক্ষমা মঞ্জুর বা শাস্তি মওকুফ বিবেচনা করিতে থাকিলে ভুক্তভোগীকে নোটিশ দেওয়া হইবে এবং ভুক্তভোগী কর্তৃপক্ষের মারফত উক্ত ব্যক্তির নিকট উপস্থাপন করিতে পারিবেন যে ঐ অপরাধের ফলে ভুক্তভোগীর দেহ, মানসিক অবস্থা, কর্মসংস্থান, জীবিকা বা বৃত্তি, আয়, জীবনমান, সম্পত্তি এবং অন্যান্য জৈবনিক বিষয়সমূহ তথা তাহার জীবন কীভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে;
ভুক্তভোগীর স্বত্ব	৫। (১) ধর্ম, বর্ণ, গোত্র, লিঙ্গ বা জন্মস্থান নির্বিশেষে একজন ভুক্তভোগী সংশ্লিষ্ট কর্মকর্তা যেমন: বিচারক, প্রসিকিউশন, থানা, তদন্তকারী কর্মকর্তাদের নিকট মানবিক মর্যাদা পাইবার অধিকারী হইবেন সাথে তদন্তকারী, আধা-বিচারিক ও বিচারিক কর্তৃপক্ষের নিকট ন্যায্য ও সম্মানপূর্ণ ব্যবহার

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	পাইবার অধিকারী হইবেন। (২) অপরাধের শিকার ব্যক্তি তথা ভুক্তভোগী অপরাধ ঘটিবার ফলে ব্যয় ও আদালত বা কমিশনে তাহার অভিযোগকৃত অপরাধ ঘটিবার বা মৌলিক অধিকার লঙ্ঘন হইবার বা মানবাধিকার লঙ্ঘন হইবার সাথে সংশ্লিষ্ট বিচারিক বা আধা-বিচারিক কার্যক্রমে অংশ নেওয়ার খরচস্বরূপ কর্তৃপক্ষের নিকট হইতে একটি নির্দিষ্ট অঙ্কের টাকা পাইবেন। (৩) ভুক্তভোগী অপরাধের শিকার হইবার ফলে যে শারীরিক বা মানসিক ক্ষতি, বৈকল্য বা প্রতিবন্ধিতার শিকার হইয়াছেন তজ্জন্য রাষ্ট্রের নিকট হইতে যথাযথ চিকিৎসা সেবা, ঔষধ ও অন্যান্য চিকিৎসা সুবিধাসহ যে কোন প্রয়োজনীয় চিকিৎসা দাবি ও অর্জন করিতে এবং প্রয়োজনীয় পুনর্বাসন ও কাউন্সেলিং সেবার জন্য অধিকারী হইবেন। (৪) রাষ্ট্র যদি প্রয়োজনীয় সম্পদ না থাকায় বা অপর্যাপ্ত হওয়ায় উপধারা ২-এর অধীনে ভুক্তভোগীর দাবি করা সেবাসমূহ দিতে অসমর্থ হয়, তাহলে ভুক্তভোগী অপরাধের শিকার হইবার ফলে যেই শারীরিক বা মানসিক ক্ষতি, বৈকল্য বা প্রতিবন্ধিতার শিকার হইয়াছেন তজ্জন্য প্রয়োজনীয় চিকিৎসা, পুনর্বাসন ও কাউন্সেলিং সেবার ব্যয় নির্বাহের জন্য কর্তৃপক্ষের কাছে আর্থিক সাহায্যের জন্য আবেদন করার অধিকারী হইবেন। (৫) নৃতাত্ত্বিক সম্প্রদায়ের একজন ভুক্তভোগী এফআইআর দায়েরের সময়, সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেট বা আদালতের নিকট নালিশী দরখাস্ত দায়েরের সময়, বিচারসহ তদন্ত প্রক্রিয়া ও

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	আইনী কার্যক্রমের সকল পর্যায়ে দোভাষী পাওয়ার অধিকারী হইবেন।
সাক্ষীর স্বত্ব	৬। (১) ধর্ম, বর্ণ, গোত্র, লিঙ্গ বা জন্মস্থান নির্বিশেষে একজন সাক্ষী তাহার মর্যাদা ও গোপনীয়তার প্রতি যথাযথ লক্ষ্য রেখে তদন্তকারী, আধা-বিচারিক ও বিচারিক কর্তৃপক্ষের নিকট ন্যায্য ও সম্মানপূর্ণ ব্যবহার পাইবার অধিকারী হইবেন। (২) সাক্ষীকে যেইসব কারণে হয়রানি, ভীতিপ্রদর্শন, বলপ্রয়োগ বা অত্যাচার করা যাইবে না- (ক) কোন অপরাধ ঘটা বা মৌলিক অধিকারের লঙ্ঘন বা মানবাধিকারের লঙ্ঘন সম্পর্কে কোন তথ্য প্রদান করিলে; (খ) কোন অপরাধ সম্পর্কে চলমান তদন্তে বা মৌলিক অধিকারের লঙ্ঘন বা মানবাধিকারের লঙ্ঘন সম্পর্কে চলমান তদন্ত বা অনুসন্ধানে বিবৃতি দিতে স্বেচ্ছায় আগাইয়া আসিলে; (গ) অভিযোগকৃত অপরাধ ঘটা বা মৌলিক অধিকারের লঙ্ঘন বা মানবাধিকারের লঙ্ঘন সম্পর্কে আদালত বা কমিশনের সামনে সাক্ষ্য প্রদান করিলে। (৩) সাক্ষী কোন অপরাধ ঘটা বা মৌলিক অধিকারের লঙ্ঘন বা মানবাধিকারের লঙ্ঘন সম্পর্কে আইনপ্রয়োগকারী কর্তৃপক্ষের নিকট তথ্য প্রদান করিবার কারণে বা অভিযোগ দায়ের করিবার কারণে বা আদালত বা কমিশনের সামনে সাক্ষ্য প্রদান করিবার কারণে অথবা আইনী কার্যক্রম শুরু করিবার কারণে যেই প্রকৃত বা সম্ভাব্য ক্ষতি, হুমকি,

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	ভীতিপ্রদর্শন, প্রত্যধিকার বা প্রতিশোধের শিকার হইতে পারেন সেইসব হইতে সুরক্ষিত থাকিবার অধিকারী হইবেন; (৪) নৃতাত্ত্বিক সম্প্রদায়ের একজন সাক্ষী বিচারসহ তদন্ত প্রক্রিয়া ও আইনী কার্যক্রমের সকল পর্যায়ে দোভাষী পাওয়ার অধিকারী হইবেন।
উদ্ধার অভিযানের সময় ভুক্তভোগীর সুরক্ষার জন্য বিশেষ বিধান	৭। থানায় যখন ধর্ষণ, অপহরণ বা নারী বা শিশু পাচার এই সকল অপরাধের নালিশ করা হইবে, উক্ত থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা অন্যূন উপপরিদর্শক পদমর্যাদার কোন কর্মকর্তা বর্ণনা মোতাবেক ঘটনার বিস্তারিত বিবরণী নথিভুক্ত করিবেন এবং তারপর যত দ্রুত সম্ভব ঘটনাস্থলে ভুক্তভোগীকে/ভুক্তভোগীদেরকে উদ্ধার করিতে গমন করিবেন। এই ধরনের অপরাধের শিকার ভুক্তভোগীদেরকে উদ্ধারের সময় নিম্নোক্ত সাহায্য ও সুরক্ষা দিতে হইবে- (ক) ভুক্তভোগী নারী হইলে উদ্ধারের পর পুলিশ কর্মকর্তা বা কনস্টেবল বা উদ্ধার অভিযানে যুক্ত অন্য কোন ব্যক্তি ভুক্তভোগীর পরিচয় গোপন রাখিবেন এবং জনগনের নিকট বা গণমাধ্যমে প্রকাশ করিবেন না, ইহার ব্যাত্যয় ঘটিলে ধারা ৩৬(৫) প্রযোজ্য হইবে; (খ) উদ্ধারের পর তাৎক্ষনিকভাবে অপরাধীদের শনাক্তকরণের ক্ষেত্রে ভুক্তভোগী ও অভিযোগকারীর পরিচয় গোপন রাখিতে হইবে এবং তাহাদের মুখ ঢাকিয়া রাখিতে হইবে অথবা চিহ্নিতকরণ প্রদর্শণী এর সময় কালো পর্দার ব্যবস্থা করিতে হইবে; ইহার ব্যাত্যয় ঘটিলে ধারা ৩৬(৫) প্রযোজ্য হইবে;

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	(গ) পুলিশ কর্মকর্তার দায়িত্ব হইবে ভুক্তভোগীর বিবৃতি অনুসারে উক্ত অপরাধকাণ্ডে দণ্ডবিধি এবং অন্য কোন বিশেষ আইনের ধারা প্রযোজ্য হইলে এজাহারে বা সাধারণ ডায়েরিতে সুনির্দিষ্টভাবে সেই আইনগুলোর প্রাসঙ্গিক ধারা উল্লেখ করা। পতিতালয় বা অন্য কোন স্থানে পুলিশ অভিযানের সময়, যদি সম্ভব হয়, অনতিবিলম্বে নিবন্ধিত বেসরকারী সংস্থাসমূহ ও স্থানীয় সরকারের প্রতিনিধিদের ডাকা যাইতে পারে। সব থানায় নারী সমাজকর্মীদের একটি তালিকা রাখিতে হইবে যাহারা ভুক্তভোগী উদ্ধারের ক্ষেত্রে সহযোগিতা করিতে পারিবেন; (ঘ) এরূপ কোন ঘটনার তথ্য পাইবার সাথে সাথেই প্রত্যেক পুলিশ কর্মকর্তার জন্য উদ্ধার অভিযান শুরু করা এবং নিজে তাহা তদারকি করা বাধ্যতামূলক - বলিয়া কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন।
উদ্ধার অভিযানের পর ভুক্তভোগীর সুরক্ষা	৮। পুলিশ কর্তৃপক্ষ ভুক্তভোগীকে উদ্ধার করিবার পর এবং উদ্ধার-পরবর্তী তদন্ত ও বিচারিক কার্যক্রমের সময় নিম্নোক্ত সুরক্ষাসমূহ প্রদান করিবেনঃ (ক) উদ্ধার হইবার পর ভুক্তভোগীকে অভিযুক্তের নিকট হইতে আলাদা রাখিতে হইবে। উদ্ধারের পর পুলিশ কর্মকর্তা নারী বা শিশু ভুক্তভোগীকে উদ্ধার-পরবর্তী জিজ্ঞাসাবাদের সময় একজন সমাজকর্মী বা সহযোগী ব্যক্তি, নারী ভুক্তভোগীর ক্ষেত্রে সম্ভব হইলে নারী কর্মী, উপস্থিত থাকিতে হইবে; (খ) অন্যূন সাব-ইন্সপেক্টর পদমর্যাদার কোন পুলিশ

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	কর্মকর্তা ভুক্তভোগীর বিবৃতি গ্রহণ করিবেন; (গ) বিবৃতি গ্রহণ করিবার সময় এবং/অথবা জিজ্ঞাসাবাদের সময় ভুক্তভোগী ব্যক্তিটি যে একজন অভিযুক্ত ব্যক্তি নহেন – এ বিষয়টি বিবেচনায় রাখিয়া পুলিশ কর্মকর্তা ভুক্তভোগীর সাথে সম্মান ও মর্যাদাপূর্ণ ব্যবহার করিবেন। উদ্ধার করিবার পর তাৎক্ষনিকভাবে প্রয়োজনে অফিসের খরচে দক্ষ কাউন্সেলর দ্বারা ভুক্তভোগীকে কাউন্সেলিং করাইতে হইবে; (ঘ) ভুক্তভোগীকে তৎক্ষণাৎ কোন নিরাপদ স্থানে সরাইয়া নিতে হইবে এবং উদ্ধারের পর অফিস তাৎক্ষনিকভাবে একজন ডাক্তারের মাধ্যমে তাহার মেডিক্যাল পরীক্ষার ব্যবস্থা করিবেন; (ঙ) অফিসের এক বা একাধিক সদস্য উক্ত নিরাপদ স্থানে ভুক্তভোগীকে পরিদর্শন, তত্ত্বাবধান ও সহায়তা করিবেন। ভুক্তভোগীর নিকট অন্য ব্যক্তিদের যাতায়াত অফিসের কঠোর তত্ত্বাবধানে থাকিবে। ভুক্তভোগী সাময়িকভাবে নিরাপদ স্থান ছাড়িয়া বাহির হইতে চাইলে অফিস কর্তৃক এই কাজের জন্য স্বীকৃত একজন সমাজকর্মী তাহার সাথে থাকিবেন; (চ) ভুক্তভোগীকে যদি আপাতদর্শনে একজন নাবালক বলিয়া মনে হয়, তাহার যত্ন ও সুরক্ষার জন্য কিশোর হিসাবে বিশেষ সুবিধা সমৃদ্ধ ব্যবস্থায় রাখিতে হইবে এবং চব্বিশ ঘন্টার মধ্যে তাহাকে নিকটতম ম্যাজিস্ট্রেটের সামনে উপস্থিত করাইতে হইবে। জন্ম-মৃত্যু নিবন্ধন আইন, ২০০৬ অনুসারে বা সিটি কর্পোরেশনের অধীনে করা জন্ম ও মৃত্যু নিবন্ধনের রেজিস্ট্রার এর ভুক্তি বা বিদ্যালয় ত্যাগের

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	সনদপত্রকে ভুক্তভোগীর বয়সের প্রমাণ হিসাবে গ্রহণ করিতে হইবে। এই ধরনের কোন ভুক্তি বা সনদ না পাইলে এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের স্বীকৃত একজন মেডিকো লিগ্যাল বিশেষজ্ঞের মতানুসারে বয়স নির্ণয় করিতে হইবে; (ছ) তদন্তকারী কর্মকর্তা নিরাপদ স্থানে ভুক্তভোগীদের কোন বন্ধু বা তাহার পছন্দমতো কোন আইনজীবী, যদি থাকে, বা নিরাপদ স্থানের সুপারিন্টেন্ডেন্ট বা সুরক্ষা কর্মকর্তা বা অনুমোদিত সমাজকর্মীর উপস্থিতিতে ভুক্তভোগীদের বিস্তারিত সাক্ষ্য বিবৃতি নথিভুক্ত করিবেন এবং ইহা অভিযুক্তের বিরুদ্ধে আদালত কার্যক্রমে মামলার নথিতে অন্তর্ভুক্ত হইবে। স্বল্পতম সময়ের মধ্যে সকল অভিযুক্তকে আটক করিবার জন্য সবরকম চেষ্টা করিতে হইবে। এই আইনের তফশিলভুক্ত কোন অপরাধ ঘটার রিপোর্ট পাইবার পর অপরাধের তদন্ত সম্পূর্ণ করা হইবে এবং ৬০ দিনের মধ্যে চার্জশীট প্রদান করিতে হইবে। অপরাধীকে খুঁজিয়া বাহির করিতে ভুক্তভোগীর সহায়তা নেওয়া যাইতে পারে।
বয়স নির্ণয় প্রক্রিয়ার সময় ভুক্তভোগীর সুরক্ষা	৯। উদ্ধারের পর ভুক্তভোগীর বয়সের সত্যতা নিরূপণ ও যৌন হয়রানি নির্ণয়ের জন্যে পুলিশ কর্মকর্তা ভুক্তভোগীকে এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের স্বীকৃত একজন মেডিকো লিগ্যাল বিশেষজ্ঞের সামনে উপস্থিত করাইবেন, যেন- (১) তাহার বয়স নির্ণয় করা যায়, যদি অন্য কোন প্রমাণ পাওয়া না যায়; (২) যৌন হয়রানি বা ধর্ষণের ফলে সৃষ্ট ক্ষত বা সহিংসতা বা প্রতিরোধের চিহ্ন নির্ণয়; (৩) ভুক্তভোগী যদি নারী বা বালিকা হয় তাহলে মেডিকাল

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	পরীক্ষার সময় কর্তৃপক্ষ অনুমোদিত একজন নারী সমাজকর্মী বা ভুক্তভোগীর পরিবারের একজন নারী সদস্য বা তাহার পছন্দমতো একজন নারী আইনজীবী তখন সেই কক্ষে অবস্থান করিবেন। পরীক্ষায় যদি ভুল হইবার অভিযোগ ওঠে, তবে ভুক্তভোগীর সুবিধার্থে দ্বিতীয় মতামত গ্রহণ করা হইতে পারে।
ভুক্তভোগী ও সাক্ষীর দায়িত্ব	১০। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ভুক্তভোগী ও সাক্ষীর কর্তব্য হইবে নিম্নরূপঃ (ক) অপরাধ ঘটিলে সময় মতো বিদ্যমান আইনানুসারে উপযুক্ত সংস্থা বা কর্তৃপক্ষকে অবহিত করা; (খ) অপরাধের তদন্ত বা বিচারিক কার্যক্রমে তদন্তকারী বা বিচারিক কর্তৃপক্ষকে সহায়তা করা; (গ) অপরাধে জড়িত ব্যক্তিকে বাঁচাতে তদন্তকারী কর্তৃপক্ষ বা আদালতের সামনে উপস্থিতি হইতে বিরত না থাকা এবং উপস্থিত হইলে তাহাকে বাঁচানোর উদ্দেশ্যে কোন বিবৃতি, সাক্ষ্য বা প্রমাণ না দেওয়া; (ঘ) তাহার নিজের আসল নাম, পদবি, ঠিকানা, টেলিফোন নাম্বার, ইমেইল ঠিকানা জানানো এবং সেগুলো পরিবর্তিত হইলে যতদ্রুত সম্ভব অবহিত করা।
ভুক্তভোগী হিসাবে বিবেচিত হইবেন না	১১। (১) এই আইনের অন্যত্র যাহাই থাকুক না কেন, একজন ব্যক্তি যদি নিম্নোক্ত অবস্থাগুলোতে ক্ষতিগ্রস্ত হন বা মারা যান, তিনি বা তাহার পরিবারের কোন সদস্য ভুক্তভোগী বলিয়া গণ্য হইবেন নাঃ (ক) বিদ্যমান আইনের আত্মরক্ষার বিধানানুসারে কেউ

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	নিজের বা অন্য কারো দেহ, জীবন, সম্পত্তি বা সম্ভ্রম রক্ষা করিতে গেলে; (খ) বিদ্যমান আইনের বিধানানুসারে কোন নিরাপত্তাকর্মী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশে তাহার দায়িত্ব পালন করিতে গেলে; (গ) তদন্তকারী কর্তৃপক্ষ তাহার এখতিয়ারের অধীনে তদন্ত করিতে গেলে; (ঘ) এমন অবস্থায় কাজ করিলে যাহার ফলে ফৌজদারি দায় প্রযুক্ত হয়, তাহা সত্ত্বেও, যদিও সেই ফৌজদারি দায় অপরাধীর বয়স, মানসিক অসুস্থতা, কূটনৈতিক দায়মুক্তি বা অবস্থানগত দায়মুক্তির কারণে হইতে হইবে এমন নহে, তবু এই আইনের উদ্দেশ্যের স্বার্থে ধরিয়া নেওয়া হইবে যে, ব্যক্তিটি অনুরূপ অপরাধ করিয়াছেন এবং সংশ্লিষ্ট ব্যক্তিকে ভুক্তভোগী ধরা হইবে; (২) উপধারা (১) এ যাহাই থাকুক না কেন, এই আইনের কোনকিছুই উক্ত উপধারার অবস্থাধীন ভুক্তভোগী বা মৃত কোন ব্যক্তিকে সহায়তা করা হইতে সরকারকে নিবৃত্ত করিবে না।
	চতুর্থ অধ্যায় **জরুরী ভুক্তভোগীর জন্য বিশেষ সুরক্ষা**
সুরক্ষার জন্য আবেদন	১২। (১) এই আইনের তফসিল অনুযায়ী কোনো অপরাধের ভুক্তভোগী বা সাক্ষী যাহার বিশ্বাস রহিয়াছে যে, তদন্তমূলক

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	বা বিচারিক কার্যক্রম চলাকালীন, পূর্বে বা পরে, তাহার ভুক্তভোগী বা সাক্ষী হওয়ার দরুণ, কোনো ব্যক্তি, পরিচিত হউক বা অপরিচিত, বা অভিযুক্ত ব্যক্তি বা তাহার বা তাহাদের সহযোগীদের দ্বারা তাহার (ভুক্তভোগী) বা তাহার পরিবারের কোনো সদস্য হুমকির সম্মুখীন হইয়াছেন বা সম্মুখীন হইতে পারেন, তাহা হইলে সেই সংশ্লিষ্ট কার্যক্রমের তদন্তকারী অফিসার বা যেই থানায় ফৌজদারি মামলাটি দায়ের করা হইয়াছে বা হইবে সেখানকার অফিস ইনচার্জ বা পাবলিক প্রসিকিউটর বা অফিসের যে কোনো সদস্যের নিকট তাহার এ জাতীয় বিশ্বাসের রিপোর্ট বা কারণ প্রেরণ করিতে পারিবে; (২) উপ-ধারা (১) এর অধীনে যে ব্যক্তির কাছে উক্তরুপ রিপোর্ট দাখিল করা হইয়াছে, সেই ব্যক্তি আবেদনকারীকে সুরক্ষার জন্য আবেদন করিতে সহায়তা করিবে এবং আবেদনটি তৎক্ষণাৎ বিবেচনা ও প্রয়োজনীয় আদেশের জন্য চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বা চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এবং পঞ্চম অধ্যায়ে উল্লিখিত ভুক্তভোগী ও সাক্ষীদের সুরক্ষা অফিসের নিকট দাখিল করিবেন;
সুরক্ষার জন্য আদেশ	১৩। চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বা চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ধারা ১২ এর অধীনে বা তাহার নিজস্ব উদ্যোগে আবেদন গ্রহণের বিষয়ে মামলার প্রকৃতি এবং পরিস্থিতি বিবেচনা করিবেন এবং ভুক্তভোগী বা সাক্ষীকে সুরক্ষিত স্থানে প্রেরণ করিবার জন্য আদেশ দিবেন। তবে শর্ত থাকে যে পঞ্চম অধ্যায়ে উল্লিখিত ভুক্তভোগী ও সাক্ষীদের সুরক্ষা অফিসের সকলে বা ইহার বেশিরভাগ সদস্যই সন্তুষ্ট হইবেন

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	যেঃ (ক) এই আইনের তফসিল অনুসারে অভিযুক্ত অপরাধ যেখানে তদন্তকারী কার্যক্রমে ভুক্তভোগী বা সাক্ষীর বিবৃতি দেওয়ার প্রয়োজন হইতে পারে বা প্রমাণ দিয়াছে বা যে কোনো আদালতে বা ট্রাইব্যুনালে অপরাধীর বিচারের জন্য সাক্ষ্য দেওয়ার প্রয়োজন হইতে পারে; (খ) তাহার বিবৃতি বা সাক্ষ্য, ইতোমধ্যে দেওয়া বা নেওয়া হউক বা না হউক, সংশ্লিষ্ট মামলার উপাদানগত বিষয়গুলোর সংস্থাপন বা সমর্থনের জন্য প্রয়োজনীয়; (গ) তিনি বা তাহার পরিবারের কোনও সদস্য হুমকির সম্মুখীন হইয়াছেন বা হওয়ার সম্ভাবনা রহিয়াছে।
সুরক্ষিত ব্যক্তির অধিকার এবং সুবিধাবলি	১৪। সুরক্ষিত ব্যক্তির জন্য নিম্নলিখিত অধিকার এবং সুবিধাবলি থাকিবে: (ক) যতক্ষণ না পর্যন্ত যে কোনো তদন্ত কার্যক্রমে বিবৃতি বা সাক্ষ্য প্রদান অথবা হুমকি বা ভয় বা হয়রানির অবসান ঘটে, যাহাই শেষে সংগঠিত হইবে, ততক্ষণ পর্যন্ত সুরক্ষিত আবাসন সুবিধা সম্পন্ন সুরক্ষিত জায়গায় থাকিতে হইবে। পরিস্থিতি সমর্থনযোগ্য হইলে ভুক্তভোগী বা সাক্ষী অফিসের খরচে স্থান পরিবর্তন এবং/অথবা ব্যক্তিগত পরিচয় পরিবর্তনের অধিকারী হইবেন। অনুরূপ প্রয়োজনীয়তার ক্ষেত্রে সম্পর্কিত ব্যক্তির জন্য এই অধিকারটি বর্ধিত করা যাইতে পারে; (খ) যখনই সম্ভব হইবে অফিস সুরক্ষিত ব্যক্তিকে জীবিকা নির্বাহের উপায় অর্জনে সহায়তা করিবে। অনুচ্ছেদ (ক)

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	অনুযায়ী স্থানান্তরিত সুরক্ষিত ব্যক্তি তাহার বা তাহার উপর নির্ভরশীল পরিবারের জন্য অফিস কর্তৃক নির্ধারিত পরিমাণ বা সময়ের জন্য অফিস হইতে সহায়তা লাভের অধিকারী হইবে; (গ) প্রসিকিউটর বা তদন্তকারী কর্মকর্তাদের সাথে সাক্ষাৎকারের পাশাপাশি আদালত বা ট্রাইব্যুনালে তাহার সাক্ষ্য প্রদানের জন্য উপস্থিতি বা ফিরিয়া আসার জন্য, অফিস যুক্তিসঙ্গত ভ্রমণ ব্যয় এবং জীবিকা ভাতা সরবরাহ করিবে, যাহার পরিমান অফিস নির্ধারণ করিতে পারে। সাহায্যকারী ব্যক্তি বা ব্যক্তিগণ আদালত বা ট্রাইব্যুনাল বা প্রসিকিউটর বা তদন্তকারী কর্মকর্তার নিকট তাহার গমনাগমনের সময় তাহাকে সঙ্গ দান করিবে; (ঘ) সুরক্ষিত জায়গায় থাকাকালীন বা তাহার সাক্ষ্য দেওয়ার দায়িত্বের কারণে তিনি যদি অসুস্থ বা ক্ষতিগ্রস্ত হন তাহলে অফিস নিজস্ব খরচে সম্পূর্ণ নিরাপত্তার সহিত সরকারি বা বেসরকারি হাসপাতাল বা ক্লিনিকে তাহার চিকিৎসা, হাসপাতালে ভর্তি এবং ঔষধ সরবরাহের ব্যবস্থা করিবে; (ঙ) এই আইনের তফসিল অনুযায়ী উপরিউক্ত অধিকার এবং সুবিধাবলি সুরক্ষিত ব্যক্তিদেরকে তদন্তকারী ব্যক্তি এবং আদালত বা ট্রাইব্যুনালে উপস্থিত এবং তদন্ত ও বিচারে নির্বিঘ্নে বিবৃতি বা সাক্ষ্য দেওয়ার জন্য তাহাদের সক্ষম করিয়া তোলার জন্য প্রদান করা হইবে;

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

ভুক্তভোগী/সাক্ষী **সুরক্ষার অবসান**	১৫। অফিস লিখিত আদেশের মাধ্যমে কোনো সুরক্ষিত ব্যক্তির সুরক্ষা ব্যবস্হা বাতিল করিতে পারিবে, যদি অফিসের সংখ্যাগরিষ্ট মতামত দেয় যে, (ক) সুরক্ষিত ব্যক্তির সুরক্ষা আর হুমকির সম্মুখীন নহে; (খ) সুরক্ষিত ব্যক্তির জন্য সন্তোষজনক বিকল্প ব্যবস্হা করা হইয়াছে; (গ) যেই অবস্থার জন্য সুরক্ষিত ব্যক্তিকে সুরক্ষা এবং সহায়তা প্রদান করা হইয়াছে তাহার অবসান ঘটিয়াছে; (ঘ) সুরক্ষিত ব্যক্তিকে যেই কারণে তদন্ত বা বিচারিক কার্যক্রমে বিবৃতি বা সাক্ষ্য প্রদানের জন্য সুরক্ষা প্রদান করা হইয়াছিল তাহা প্রদানে অস্বীকার বা ব্যর্থ হইলে; (ঙ) যখন কোনো সুরক্ষিত ব্যক্তি লিখিতভাবে প্রদত্ত সুরক্ষা ব্যবস্থা অবসান করিবার অনুরোধ করিবে।
রাষ্ট্রপক্ষের সাক্ষী	১৬। যে কোনো ব্যক্তি যিনি অপরাধ সংগঠনে অংশ নিয়াছেন এবং রাষ্ট্রের পক্ষে সাক্ষী হইতে ইচ্ছুক, তিনি আবেদন করিতে পারিবেন এবং কোড ও সাক্ষ্য আইন, ১৮৭২ এর বিধান অনুযায়ী যোগ্য হইলে, যখনই নিম্নলিখিত পরিস্থিতি উপস্থিত হইবে তখনই তাহাকে এই আইনের অধীনে অফিস কর্তৃক প্রাসঙ্গিক সুরক্ষা/নিরাপত্তা দেওয়া হইবেঃ (ক) এই আইনের তফসিলের অধীনে যেই অপরাধ সমূহে তাহার সাক্ষ্য গ্রহণ করা হইবে সেই অপরাধসমূহ; (খ) তাহার সাক্ষ্যের অসীম প্রয়োজনীয়তা রহিয়াছে;

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	(গ) যেখানে সংঘটিত অপরাধের যথাযথ বিচারের জন্য অন্য কোন প্রত্যক্ষ প্রমাণ নাই; (ঘ) তিনি নৈতিক বর্বরতা/অসচ্চরিত্রতার সহিত সম্পর্কিত কোনো অপরাধের জন্য কোনো সময় দোষী সাব্যস্ত হন নাই।
ভুক্তভোগীদের পুনর্বাসন	১৭। (১) কর্তৃপক্ষ সমাজে পাচার ও বাণিজ্যিক যৌন শোষণের শিকার নারী-পুরুষ ও শিশুদের মানবিক মর্যাদা ও আত্ম-সম্মানের সহিত সঙ্গতিপূর্ণ যথাযথ পুনর্বাসনের ব্যবস্থা নিশ্চিত করিবে; (২) ধর্ষণ, অপহরণ ও পাচারের শিকার ব্যক্তিকে উদ্ধার করিবার পর তাৎক্ষনিকভাবে সুরক্ষিত স্থানে রাখিবার প্রয়োজনীয় ব্যবস্থা করিবার পাশাপাশি অফিস এবং কর্তৃপক্ষ ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে আর্থিক ও অন্যান্য উপায়ে সহায়তা করিবার ব্যবস্থা করিবে যতক্ষণ না তাহাকে উপযুক্ত কর্মসংস্থানের সুযোগ প্রদান করিয়া পুনর্বাসিত করা হয়; (৩) অফিস পাচারকারী শিশুদের পরিবারকে সহায়তা প্রদান করিবার জন্য কর্মসংস্থান গ্যারান্টি স্কিম, কৃষি ভর্তুকি এবং চিকিৎসা সহায়তার মতো বিশেষ পরিকল্পনা প্রণয়ন করিবে। কর্তৃপক্ষ ক্ষতিগ্রস্থ শিশুদের স্নাতক এবং কর্মসংস্থান পর্যন্ত তাহাদের শিক্ষার জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করিবে; (৪) অফিস একজন উদ্ধারকৃত ভুক্তভোগীকে সামাজিক গ্রহণযোগ্যতা এবং পারিবারিক সমর্থন নিশ্চিত না করিয়া এবং ভুক্তভোগী মহিলা বা শিশু পুনরায় ধর্ষণ, পাচার এবং বাণিজ্যিক যৌন শোষণের শিকার হইবে না – বলিয়া সন্তুষ্ট

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	না হওয়া পর্যন্ত তাহার পরিবারের কাছে ফেরত পাঠাইবে না;
দ্রুত শুনানি বা বিচার	১৮। এই আইনের অধীনে যেখানে কোনো সুরক্ষিত ব্যক্তিকে প্রয়োজনীয় সুরক্ষা, অধিকার এবং সুযোগ-সুবিধাসমূহ সরবরাহ করা হইয়াছে, তাহা বিচার বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে প্রয়োজনীয় সাক্ষী, তদন্তকারী কর্তৃপক্ষ এবং আদালত বা ট্রাইব্যুনাল এই মামলার তাৎক্ষণিক শুনানি বা বিচার নিশ্চিত করিবে এবং গ্রহণযোগ্য চার্জশিট দাখিল করা হইতে তিন মাসের মধ্যেই যত দ্রুত সম্ভব উক্ত প্রক্রিয়া শেষ করিবে।
	পঞ্চম অধ্যায় **ভুক্তভোগী এবং সাক্ষীদের জন্য অফিস**
ভুক্তভোগী এবং সাক্ষী সুরক্ষা অফিস প্রতিষ্ঠা	১৯। (১) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়ের অধীনে সরকার প্রতিটি জেলায় একটি অফিস স্থাপন করিবে, এই আইনের অধীনে অপরাধের সহিত জড়িত ও সাক্ষ্য গ্রহণের জন্য ক্ষতিগ্রস্থদের সাক্ষী ও সাক্ষ্য দেওয়ার জন্য প্রয়োজনীয় সুরক্ষা, চিকিৎসা, ক্লিনিকাল ও কাউন্সেলিং সহায়তা এবং সুরক্ষিত নিরাপত্তা প্রদানের লক্ষ্যে; (২) চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের বা চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেত-এর সভাপতিত্বে আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ও সমাজকল্যাণ বিভাগ হইতে একজন করিয়া কর্মকর্তা, সরকার স্বীকৃত মানবাধিকার আইনজীবী সংগঠন হইতে একজন মহিলা আইনজীবী, সংঘটিত অপরাধের একজন তদন্ত কর্মকর্তা এবং পাবলিক প্রসিকিউটরের সমন্বয়ে ভুক্তভোগী ও সাক্ষী সুরক্ষা অফিস গঠিত হইবে; (৩) সরকার যথোপযুক্ত মনে করিলে, অফিসিয়াল

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	গেজেটের মাধ্যমে এমন ব্যক্তিদের সভাপতি ও সদস্য মনোনীত করিয়া জেলাভিত্তিক ভুক্তভোগী ও সাক্ষী সুরক্ষা অফিসের শাখা করিতে পারে।
এই আইনের আওতায় ভুক্তভোগী এবং সাক্ষী সুরক্ষা নিবন্ধকরন	২০। (১) সম্ভব হইলে অফিসটি ইলেকট্রনিক প্রক্রিয়া দ্বারা, এই আইনের আওতায় সুরক্ষা সুবিধাসমূহ সরবরাহ করা হইয়াছে এই ধরণের ভুক্তভোগী এবং সাক্ষীদের একটি রেজিস্টার বজায় রাখিবে; (২) রেজিস্টারে প্রতিটি সুরক্ষিত ব্যক্তির ক্ষেত্রে নিম্নলিখিত বিবরণ অন্তর্ভুক্ত হইবে- (ক) সুরক্ষিত ব্যক্তির নাম এবং তাহার পিতা ও মাতার নাম; (খ) এই আইনের অধীনে সুরক্ষিত ব্যক্তিকে একটি নতুন পরিচয় প্রদত্ত হইলে তাহার নতুন নাম; (গ) থানার নাম এবং পোস্ট কোড নম্বর, টেলিফোন নম্বর, ফ্যাক্স নম্বরসহ সম্পূর্ণ অস্থায়ী এবং স্থায়ী ঠিকানা এবং সুরক্ষিত ব্যক্তির ইমেল অ্যাড্রেস, যদি থাকে; (ঘ) সুরক্ষা সমাপ্ত হইবার তারিখ।
	ষষ্ঠ অধ্যায় **ক্ষতিপূরণ এবং ক্ষতিপূরণ শুল্ক**

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণের আদেশ দেওয়ার ক্ষমতা	২১। (১) যেখানে তাৎক্ষণিকভাবে ভুক্তভোগী ব্যক্তির চিকিৎসা করা বা ক্ষতিপূরণ প্রদান বা যে কোন ধরনের ত্রাণ সহায়তা সরবরাহ করা প্রয়োজন, সেখানে আদালত এই ধরনের ব্যক্তিকে অন্তর্বর্তীকালীন চিকিৎসা করা বা ক্ষতিপূরণ প্রদান বা যে কোন ধরনের ত্রাণ সহায়তা প্রদান করিবার জন্য আদেশ দিতে পারেন; (২) উপধারা (১) এ উল্লিখিত আদেশ দেওয়া হইলে, ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে তহবিল হইতে ক্ষতিপূরণ বা ত্রাণের পরিমাণ প্রদান করা হইবে; (৩) যেখানে অভিযুক্ত ব্যক্তি আদালতের আদেশ কর্তৃক দোষী সাব্যস্ত হইয়াছেন, এই ধরণের অপরাধীকে আদালত উপধারা (২) মোতাবেক ৩৫ দিনের মধ্যে তহবিলে ক্ষতিপূরণ বা ত্রাণ প্রদান করিতে আদেশ দিবেন; (৪) উপধারা (৩) এর অধীন আদালত কর্তৃক আদেশ দেওয়া হইলে, এই ধরণের অপরাধী তহবিলে নির্ধারিত ক্ষতিপূরণ বা ত্রাণ প্রদান করিবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে তাহা পরিশোধ না করিলে, রায় ঘোষনার দিন হইতে ষাট দিনের মধ্যে অপরাধীর মালিকানাধীন যে কোন সম্পত্তি হইতে সরকারী বকেয়া হিসাবে আদায় করা হইবে।
দোষী ব্যক্তির নিকট হইতে ক্ষতিপূরণ আদায়	২২। (১) আদালত, মামলার চূড়ান্ত নিষ্পত্তি করিবার সময়, আদেশ দিতে পারেন যে, ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে অপরাধীর দ্বারা ক্ষতিপূরণ হিসাবে যুক্তিসঙ্গত পরিমাণ অর্থ প্রদান করা হইবে; (২) উপধারা (১) অনুসারে ক্ষতিপূরণ প্রদানের আদেশ দেওয়ার সময় ভুক্তভোগী ব্যক্তি অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

	পাইয়াছেন কিনা, আদালত সেই বিষয়ে নিশ্চিত হইবেন; (৩) ইতোমধ্যে ধারা ২১ অনুসারে অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ পাইয়াছেন এমন ভুক্তভোগীকে ক্ষতিপূরণ প্রদানের জন্য আদালত অপরাধীকে আদেশ দিলে, ভুক্তভোগী কর্তৃক প্রাপ্ত অন্তর্বর্তী ক্ষতিপূরণের পরিমাণ তহবিলে ফেরত দেওয়ার পরে অবশিষ্ট অর্থ ভুক্তভোগীকে প্রদান করা হইবে; (৪) এই ধারায় যাহাই বলা থাকুক না কেন, অপরাধীর সম্পদ নাই বা অপরাধ প্রতিষ্ঠিত হইবার পরেও অপরাধীকে দোষী সাব্যস্ত করা যাইতেছে না বা অপরাধ সম্পর্কিত মামলাটি বিদ্যমান আইন অনুসারে প্রত্যাহার করা হইয়াছে যাহার কারণে ভুক্তভোগী ক্ষতিপূরণ পাইবেন না, এইরূপ ক্ষেত্রে আদালত তহবিল হইতে ভুক্তভোগীকে যথাযথ পরিমাণ ক্ষতিপূরণ প্রদান করিতে আদেশ দিতে পারেন; (৫) উপধারা (৪) অনুসারে আদেশ প্রাপ্তির পর হইতে পঞ্চাশ দিনের মধ্যে তহবিল হইতে ভুক্তভোগীকে নির্দিষ্ট পরিমান ক্ষতিপূরণ প্রদান করা হইবে।
ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণের সময় বিবেচ্য বিষয়সমূহ	২৩। ভুক্তভোগী ব্যক্তিকে যেই পরিমাণ ক্ষতিপূরণ প্রদান করা হইবে তাহা নির্ধারণ করিবার সময় আদালত নিম্নলিখিত যে কোনও বা সকল বিষয় ভিত্তি হিসাবে গ্রহন করিতে পারেনঃ (ক) চিকিৎসা, মনস্তাত্ত্বিক বা মানসিক রোগের পরামর্শের জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ব্যয়িত বা ব্যয়যোগ্য যুক্তিসঙ্গত খরচসমূহ; (খ) ব্যয়িত বা ব্যয়যোগ্য চিকিৎসাসেবার খরচসমূহ;

©Tapas Kanti Baul, Barrister-at-Law and Manusher Jonno Foundation. 14 November 2020.

